উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের অক্টোবর/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব সুকান্ত সাহা ,প্রশাসক, উপজেলাপরিষদ, শান্তিগঞ্জ।
সভারস্থান: : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ২৭ অক্টোবর,২০২৫খ্রি:
সময় : সকাল ১০.০০ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবেসভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবেনা বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণকরা হয়।অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কিনা সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতেকোন সংশোধনী, না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহীঅফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | বিগত মাসেরউপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br><br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলেরব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জকার্যালয়ের সেপ্টেম্বর/২০২৫ মাসের আনুষঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০২ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২৫ মাসের মাসিক,আপ্যায়ণও অন্যান্য বিল ভ্যাটসহ | ২৩৭৯০/- |
| ০৩ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২৫ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৪ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২৫ মাসের মজুরী । (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের) | ১৫৪০০/- |
| ০৫ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২৫ মাসের মজুরী বিল । (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের) | ১৫৪০০/- |
| ০৬ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২৫ মাসের মজুরী | ১৫৪০০/- |
| ০৭ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২৫ মাসের মজুরী (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের) | ১৫৪০০/- |

বিভাগ ওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল(এডিপি) খাতের ১ম কিস্তির কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য কার্যক্রম চলমান রয়েছে।<br>পিইডিপি-৪ প্রকল্প- শান্তিগঞ্জ উপজেলার ০৪ টি বিদ্যালয়ের চুক্তি বাতিল করা হয়েছে। কতৃপক্ষের অনুমোদনকল্পে ১. উজানীগাও সঃপ্রাঃ বিঃ ২. মুক্তাখাই সঃপ্রাঃ বিঃ ৩. বীরগাও পশ্চিম সঃপ্রাঃ দরপত্র আহবান করা হয়েছে এবং উমেদনগর সঃপ্রাঃ বিঃ নির্মাণস্থানে ৪/৫ ফুট পানি থাকায় এই অর্থ বছরে দরপত্র আহবানপূর্বক কাজ বাস্তবায়ন সম্ভব হবেনা বিধায় পিইডিপি-৫ প্রকল্প চালু হলে ঐ প্রকল্প গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়েছে। | ১। ২০২৫-২০২৬ অর্থ বছরের দাখিলীয় প্রকল্প সভায় অনুমোদন করা হয়। জরুরী ভিত্তিতে নীতিমালা মোতাবেক ১ম কিস্তির কাজ সমাপ্ত করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন চলমান রয়েছে। ৯ মাস-১৫ বছর বয়সী শিশুদের জন্য বিনামূল্যে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন কার্যক্রম অব্যাহত আছে। ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করে এই টিকা নেওয়া যাবে। লোড সেডিং এর কারণে ল্যাবে সংরক্ষিত ঔষধের কার্যকারিতা নষ্ট হতে পারে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ একটি জেনারেটর জরুরী। উপজেলা পরিষদ/এডিপির অর্থায়নে একটি জেনারেটর স্থাপনের জন্য সবাই অনুরোধ করেন।তাছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন শতভাগ বাস্তবায়নের লক্ষে সবাইকে সহযোগিতা করতে হবে। গ্রহণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, সরকারিভাবে প্রাণিদের ঔষধ সাপ্লাই না থাকায় কৃষক/খামারিদের গবাদি পশুর ঔষধ সরবরাহ করা যাচ্ছে না। উপজেলা পরিষদ/এডিপির অর্থায়নে গবাদি পশুর ঔষধ সরবরাহ করার অনুরোধ করেন। সম্প্রতি গরুর এলএসডি রোগে আক্রান্ত হয়েছে। ডাবরস্থ উপজেলা প্রাণিসম্পদ অফিসে অফিস সময়ের বাইরে কিছু মাদকসেবী প্রবেশ করে মাদক সেবন করে থাকে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ এঁর দৃষ্টি আকর্ষণ করেন। | ডাবরস্থ উপজেলা প্রাণিসম্পদ অফিসে অফিসে মাদক সেবনের বিষয়টি পত্রের মাধ্যমে অফিসার ইনচার্জ,শান্তিগঞ্জকে অবহিত করতে হবে। | ১) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষিকর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান যে, এই মৌসুমে যথাসময়ে সার ও বীজ পাওয়া যাবে। অত্র উপজেলায় ৩৬৫ জন কৃষককে সার/বীজ ও ১৪৬৫ জন কৃষককে ধান পুর্নবাসন কার্যক্রম শ্রীঘ্রই শুরু করা হবে। ১৬৫ জনকে সরিষা বীজ ও বাদামের বীজ বিতরণ করা হয়েছে। পাথারিয়া বাজারের সারের ডিলার ও অন্যান্য বাজারের ডিলারের যাচাইবাছাই কার্যক্রম চলমান।এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১. কৃষি প্রণোদনা বিতরণের উপযুক্ত কৃষক নির্বাচন করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান। ত্রুটিপূর্ণ নলকূপগুলো মেরামতের কাজ চলমান রয়েছে। | ১. কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, হাওরের পানি শুকিয়ে যাওয়ার সাথে সাথে জেলেরা মাছ শিকারের জন্য অবৈধ বিষ প্রয়োগ করে মাছের ডিম ও প্রজনন ক্ষমতা বিনষ্ট করে ফেলে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, শুকনো মৌসুমে হাওরে ও বিলে পানি শুকিয়ে মাছ ধরা নিয়ে জঠিলতা সৃষ্টি হয়। এ বিষয়ে আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচেষ্ট থাকার অনুরোধ করেন। | অবৈধ বিষ প্রয়োগ করে মাছের ডিম ও প্রজনন ক্ষমতা বিনষ্ট না করার জন্য সচেষ্ট থাকতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ঔষদের সাপ্লাই ন থাকার কারণে সেবা প্রার্থীদের ঔষধ সরবরাহ করা যাচ্ছে না। অতিশ্রীঘ্রই ঔষধ সরবরাহ করা হবে। শিমুলবাক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে পানির পাম্প না থাকায় পানি সরবরাহ বন্ধ রয়েছে। ফলে অত্র ইউনিয়নে মা ও শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। এ বিষয়ে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১) ঔষধের সাপ্লাইয়ের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। শিমুলবাক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে পানির পাম্প মেরামতের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অবহিতপূর্বক জরুরী ভিত্তিতে সমাধান করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ<br>২. শিমুলবাক ইউপি চেয়ারম্যান,শান্তিগঞ্জ। |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিকশিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান শান্তিগঞ্জ উপজেলায় প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন পরীক্ষার মডেল হিসেবে আগামী ২৯ অক্টোবর ২০২৫ সারা জেলাব্যাপী শুরু হবে "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা"-২০২৫। এই পরীক্ষায় সারা জেলায় ১৪৭৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ ও ৫ম শ্রেণির ৭৬৪৮৫ জন শিক্ষার্থী অংশগ্রহন করবে। বাংলা, ইংরেজি,গণিত, প্রাথমিক বিজ্ঞান ও বিশ্ব পরিচয় ০৪টি বিষয়ে মোট ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা"টি সারা দেশব্যাপী ব্যাপক সাড়া ফেলেছে। শিক্ষার্থীদের মধ্যে উদ্দীপনা বেড়েছে। অভিভাবকদের মধ্যে আগ্রহ সৃষ্টি হয়েছে। এ ব্যতিক্রমী উদ্যোগের ফলে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। লালুখালী কুতুবপুর এবং বাবনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়,শান্তিগঞ্জ এর সংযোগ রাস্তা করার জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা"-২০২৫ সঠিকভাবে সম্পন্ন করার জন্য সবাইকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। লালুখালী কুতুবপুর এবং বাবনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়,শান্তিগঞ্জ এর সংযোগ রাস্তাটি সরেজমিন পরিদর্শন করে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় সম্পর্কে আলোচনা করা হয়নি। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে , উপজেলা পরিষদকে অবহিত না করে প্রায়শই উপজেলা পরিষদের মাসিক সভায় অনুপস্থিত থাকার বিষয়টি সমীচীন নয়। এ বিষয়ে পরবর্তী মাসিক সভায় ব্যাখ্যাসহ উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নিয়মিত উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা,শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা শান্তিগঞ্জ সভায় জানান যে, ঋণ আদায় অগ্রগতি পূর্বের মাসের চেয়ার ভালো। বিতরণকৃত ঋণ ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ | ঋণ আদায়সহ সমিতির যাবতীয় কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | লক্ষ) বিগত মাস পর্যন্ত আদায় ৫৭,৭৫,০০০/- হালে আদায় ২,৮৬,০০০/- মোট আদায় ৬০,৬১,০০০/- এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রতি মাসে মাসিক সভায় ঋণ আদায়ের হার লিখিতভাবে উপস্থাপন করতে হবে। | | |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবদন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন কার্যক্রম গ্রহণ করা শুরু হয়েছে। সকল ইউপি চেয়ারম্যানগণকে এ বিষয়ে G2P পদ্ধতিতে ভাতা প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইন আবেদন গ্রহণের জন্য ১৩-১০-২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৬/১১/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারিত লিংকে প্রবেশ করে আবেদন করার বিষয়টি সকলকে অবহিত করার অনুরোধ জানান। | সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবদন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন কার্যক্রম সকলকে অবহিত করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | কার্যক্রম ও প্রশিক্ষণে আরো গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ৪০ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। শিমুলবাক গ্রাম উন্নয়ন প্রকল্পের জড়িপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মোট ১০০ জনকে বিভিন্ন ট্রেডে নির্বাচন করা হয়েছে। নির্ধারিত ০৪টি ট্রেডে ০৫ জন প্রশিক্ষানার্থী মনোনয়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তাদের ঢাকায় বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। খেলাপী লোন আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান। VWB বিতরণের পর মাসিক বিতরণ প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। উপস্থিত ইউপি চেয়ারম্যানবৃন্দ জানান যে, VWB চাউল পরিবহনের বর্তমান রেইট অত্র উপজেলার জন্য ৭৫০ টাকা প্রতি মেঃটন (২১ কি.মি. উর্দ্ধে) যা বাস্তবে অপ্রতুল। নির্ধারিত রেইটটি বৃদ্ধি করার জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে উপজেলা পরিষদের কার্যপত্রসহ পত্র প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করেন। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্র মসম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, সাধারণ প্রান্তিক জনগোষ্টীকে ১০,০০০-২,৫০,০০০ পর্যন্ত ঋণ মঞ্জুর করা হয়। ঋণ আদায়ের হার ৪২% এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ বলেন যে, আগামী মাসিক সভায় পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত কার্যক্রম বিষয়ে একটি প্রেজেন্টেশন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আগামী মাসিক সভায় পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত কার্যক্রম বিষয়ে একটি প্রেজেন্টেশন প্রস্তুতপূর্বক মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিএফ) | সহকারী প্রকল্প পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন,শান্তিগঞ্জ সভায় জানান যে, শান্তিগঞ্জ উপজেলায় এই অফিসের কার্যক্রম সেপ্টেম্বর/২০২৫ মাস থেকে শুরু হয়। মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের নিচ তলায় ০২টি ভাড়া রুমে অফিসের কার্যক্রম শুরু করা হয়েছে। প্রাথমিকভাবে জরিপের মাধ্যমে তালিকা সংগ্রহ করছি। এলাকা জরিপ শেষ হলে সংহতি দল গঠন করে গ্রাম ভিত্তিক ০৫ জন সদস্য নিয়ে দল করে এরকমভাবে ৩/৫ টি দল সংগঠিত করে সমিতির মাধ্যমে অসহায় দরিদ্র মহিলাদের আর্থিক ও সামাজিক উন্নয়নে সুবিধাদি তদারকি করা হবে। | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ২২ | বিবিধ আলোচনা | ১.চেয়ারম্যান দরগাপাশা ইউপি জানান যে, ব্যাংক এশিয়া যে সকল ভাতা বিতরণ কার্যক্রম পরিচালনা করে তাদের কার্যক্রমে জনসাধারণ খুবই ভোগান্তিতে পড়তে হয়। সঠিক সময়ে ভাতার টাকা উত্তোলনে সমস্যা , ব্যাংকের লোকের অনিয়মিত উপস্থিতি ইত্যাদির কারণের সাধারণ জনগণ হয়রানির শিকার হচ্ছে। এ বিষয়ে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপজেলা সমাজসেবা অফিসারকে এ বিষয়ে সঠিক সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার দরগাপাশা ইউপি চেয়ারম্যান কর্তৃক দরগাপাশা ইউনিয়নে প্রাথমিক মানোন্নয়ন পরীক্ষা গ্রহণ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>সভায় চেয়ারম্যান দরগাপাশা ইউপি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,শান্তিগঞ্জ কে নিয়মিত সংরক্ষিত ঔষধের নিরীক্ষা করার জন্য অনুরোধ জানান।<br>২. চেয়ারম্যান শিমুলবাক ইউপি জানান যে, শিমুলবাকি ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের অবস্থিত শিমুলবাক গ্রামের ০১ টি বাজার রয়েছে। যা শিমুলবাক রঘুনাথপুর ও গোবিন্দপুর গ্রামের লোকজন ও আশেপাশের প্রায় ০৮ টি গ্রামের মানুষ একসাথে সবার মাধ্যমে শিমুলবাক গ্রামে ০১টি বাজার নির্মাণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় বাজারটিকে "শিমুলবাক বাজার" নামে নামকরণ করার সিদ্ধান্ত হয়। কিন্তু ভূলবসত উক্ত বাজারের নামকরণ এলজিইডি হতে বাস্তবায়িত একটি প্রকল্পে তেহকিয়া বাজার নামে নামকরণ করা হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ ও উপজেলা পরিষদের দৃষ্তি আকর্ষণ করেন। জরুরী ভিত্তিতে বাস্তবায়িত প্রকল্পে উক্ত বাজারের নাম পরিবর্তন করে "শিমুলবাক বাজার"নাম অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের | ১. সামাজিক নিরাপত্তা ভাতা প্রদানের জন্য এশিয়া ব্যাংকের অসহযোগিতার বিষয়টি জরুরী ভিত্তিতে সমাধান করতে হবে।<br>২. এলজিইডি কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে বাজারের নাম পরিবর্তন করে "শিমুলবাক বাজার"নাম অন্তর্ভূক্ত করার বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১. উপজেলা সমাজ সেবা অফিসার,শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অনুরোধ করেন।<br>৩. সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ ও উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-২ শাখা) এর স্মারক নং-২৪৬, তারিখ- ০৭ অক্টোবর, ২০২৫ খ্রিঃ মূলে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের অভ্যান্তরীণ মেরামত/সংস্কার, উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ সংলগ্ন বাথরুম সংস্থার, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত/সংস্কার,উপজেলা পরিষদের জীপগাড়ির সেড নির্মাণ, ঝিলমিল অডিটোরিয়ামের প্রবেশ পথ নির্মাণ ও উপজেলা পরিষদের অভ্যন্তরীণ বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পাদনের নিমিত্ত প্রাপ্ত ৩০.০০ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ মোতাবেক জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের উন্নয়নমূলক কাজ সঠিকভাবে সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০২ টি এসি দিয়ে পানি লিকেজ করার জরুরী ভিত্তিতে এইস মেরমত/ইলেক্ট্রিক মেরামত করা হয়েছে। উক্ত মেরামত বাবদ ১৭২৫০/- ভ্যাটসহ) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>৫. উপজেলা পরিষদের প্রজেক্টরের ০২ টি সার্কিট ও এডেপ্টর পরিবর্তন করা হয়েছে। উক্ত প্রজেক্টর ০২ টি মেরামত বাবদ ৭৯০০/-(ভ্যাটসহ) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিষদের বিষয়ে আলোচনা করা হয়।<br>৬. সড়ক ও জনপথ হতে মৌখিক অনুমোদনপূর্বক পশ্চিম পাগলা ইউনিয়নের ডাবরস্থ পরিত্যাক্ত স্থানে বিনোদন কেন্দ্রটিতে নির্মানাধীন অবকাঠামোর নিরাপত্তার ও কার্যক্রম সঠিকভাবে পরিচালনার স্বার্থে অত্র বিনোদন পার্কের নিকটবর্তী স্থানীয় লোকজনের মধ্যে হতে সচেতন ০২ জন ব্যক্তিকে দায়িত্ব প্রদানের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার প্রস্তাব করেন। সভায় ডাবরস্থ বিনোদন কেন্দ্রের নিকটবর্তী পূর্বপাগলা ইউনিয়নের (ক) জনাব আবুল কাসেম, পিতা-জনাব আব্দুর রব মাস্টার-সাং-চিকারকান্দি, উপজেলা-শান্তিগঞ্জ,সুনামগঞ্জ (খ) জনাব মোঃ ফারুক মিয়া, পিতা-আব্দুল বারী সাং-দামোদরতোপী, উপজেলা-শান্তিগঞ্জ কে ডাবরস্থ "নয়নজুড়ি পর্যটন কেন্দ্র" টি উন্নয়নমূলক কাজ তত্বাবধান করার নিমিত্ত ০১ জুলাই,২০২৫ হতে ৩০ ডিসেম্বর,২০২৬ ইং পর্যন্ত দায়িত্ব প্রদান করা যেতে পারে। "নয়নজুড়ি পর্যটন কেন্দ্র" টির অভ্যান্তরে মৎস্য আহরণের বিষয়টিও বর্ণিত ব্যক্তিগণ পরিচালনা করবেন এবং উক্ত জলাশয় থেকে প্রাপ্ত অর্থ স্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠানে একটি অংশ প্রদান করবেন। এ বিষয়ে উপজেলা পরিষদের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং উপজেলা পরিষদ যেকোনো সময় চুক্তি বাতিলের সিদ্ধান্ত গ্রহন করতে পারবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বর্ণিত ০২ জনকে ডাবরস্থ "নয়নজুড়ি পর্যটন কেন্দ্রের উন্নয়নমূলক কাজ চলাকালীন সময় পর্যন্ত তত্বাবধায়ক | ৩. প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে প্রকল্প জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে।<br>৪. উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০২ টি এসি দিয়ে পানি লিকেজ করার জরুরী ভিত্তিতে তা মেরামত করা হয়েছে। উক্ত মেরামত বাবদ ১৭২৫০/- ভ্যাটসহ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br>৫. উপজেলা পরিষদের প্রজেক্টরের ০২ টি সার্কিট ও এডেপ্টর পরিবর্তন করা হয়েছে। উক্ত প্রজেক্টর ০২ টি মেরামত বাবদ ৭৯০০/-(ভ্যাটসহ) টাকা টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br>৬. ডাবরস্থ বিনোদন কেন্দ্রের নিকটবর্তী পূর্বপাগলা ইউনিয়নের (ক) জনাব আবুল কাসেম, পিতা-জনাব আব্দুর রব মাস্টার-সাং-চিকারকান্দি, উপজেলা-শান্তিগঞ্জ,সুনামগঞ্জ (খ) জনাব মোঃ ফারুক মিয়া, পিতা-আব্দুল বারী সাং-দামোদরতোপী, উপজেলা-শান্তিগঞ্জ কে ডাবরস্থ "নয়নজুড়ি পর্যটন কেন্দ্র" টির উন্নয়নমূলক কাজ চলাকালীন/০১ জুলাই,২০২৫ হতে ৩০ ডিসেম্বর,২০২৬ ইং পর্যন্ত সময় পর্যন্ত তত্বাবধায়ক হিসেবে নিয়োজিত করা হলো। ডাবরস্থ "নয়নজুড়ি পর্যটন কেন্দ্র" টি ইজারা কার্যক্রম সম্পন্ন হলে বিধি মোতাবেক পর্যটন কেন্দ্রটি পরিচালনা করতে হবে। | ৩. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | হিসেবে দায়িত্ব প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২৫

(সুকান্ত সাহা)
প্রশাসক
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১-২০৭ তারিখ: ২৭/১০/২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩.পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৬. জনাব.................................................................................................. কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৭. সহকারীপ্রোগ্রামার, উপজেলাকার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েবপোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮.চেয়ারম্যান ....................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা.........................................................................................

২৭/১০/২৫

(সুকান্ত সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ

# শান্তিগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ০২/১০/২০২৫ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সময় ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | | | | |
| ০৩ | | | | |
| ০৪ | | | | |
| ০৫ | ডা: মো: ইকবাল হোসেন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পঃ কর্মকর্তা | 01737373182 | [signature] |
| ০৬ | ডা. মো. সেলিম রেজা | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | 01747576458 | [signature] |
| ০৭ | মোঃ আহসান হাবিব | উপজেলা কৃষি কর্মকর্তা | 01700716114 | [signature] |
| ০৮ | মো: কামরুল হাসান | উপজেলা মৎস্য কর্মকর্তা | 01609229034 | [signature] |
| ০৯ | খাইরুল ইসলাম SAE | উপজেলা প্রকৌশলী এলজিইডি | 01762135212 | Khairul |
| ১০ | মো: সেলিম খান | উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01718-064880 | [signature] |
| ১১ | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | | |
| ১২ | [illegible] | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01915566556 | [signature] |
| ১৩ | মোহাম্মদ রুহুল হাসান | উপজেলা সমবায় কর্মকর্তা | ০১৭২২৭৮৯৫৩৫ | Hassan |
| ১৪ | মো: জাহাঙ্গীর আলম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01719-982760 | [signature] |
| ১৫ | মো: কামাল উদ্দিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01711600967 | [signature] |
| ১৬ | সন্দীপ বিশ্বাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01758132839 | [signature] |
| ১৭ | [illegible] | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 01704679786 | [signature] |

হোসাইন আহমদ [illegible] উপজেলা [illegible] 01711059528 [signature]

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | | |
| ১৯ | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |
| ২০ | মোঃ আতিকুর রহমান | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01821-971843 | [signature] |
| ২১ | মেহরাব রনি চৌধুরী | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | 01754139562 | [signature] |
| ২২ | আসাদুজ্জামান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01670591751 | [signature] |
| ২৩ | | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | |
| ২৪ | | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ | | |
| ২৫ | | এজিএম, পল্লী বিদ্যুৎ, শান্তিগঞ্জ। | | |
| ২৬ | মোঃ সবুজ মিয়া | চেয়ারম্যান,জয়কলস ইউনিয়ন পরিষদ | 01793372484 | [signature] |
| ২৭ | মোঃ জুবিল মিয়া | চেয়ারম্যান, দরগাপাশা ইউনিয়ন পরিষদ | 01730128629 | [signature] |
| ২৮ | মোঃ মহিউদ্দিন | চেয়ারম্যান, পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ | 01718940812 | [signature] |
| ২৯ | | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ | | Haider |
| ৩০ | | চেয়াম্যান পূর্ব পাগলা ইউনিয়ন পরিষদ | | |
| ৩১ | শাহীনুর রহমান | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউনিয়ন পরিষদ | 01708796844 | [signature] |
| ৩২ | মোঃ সাহীদুল ইসলাম | চেয়ারম্যান, পাথারিয়া ইউনিয়ন পরিষদ | 01797704856 | [signature] |
| ৩৩ | | চেয়াম্যান, পূর্ব বীরগাঁও ইউনিয়ন পরিষদ | | |
| ৩৪ | মোছাঃ আমিনা বেগম | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | 01780094223 | [signature] |
| ৩৫ | | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | | |
| ৩৬ | মোছাঃ হাসিনা বেগম | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | 01734759078 | [signature] |
| | রবীন্দ্র চন্দ্র সরকার | সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার উপজেলা শান্তিগঞ্জ | 01777017024 | [signature] |